

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৬৪ ১৬

আগরতলা, ১৫ নভেম্বর, ২০২১

জাতীয় প্রেস দিবস উপলক্ষে তথ্য ও সংস্কৃতি মন্ত্রীর শুভেচ্ছা

আগামীকাল ১৬ নভেম্বর জাতীয় প্রেস দিবস। জাতীয় প্রেস দিবস উপলক্ষে তথ্য ও সংস্কৃতি মন্ত্রী রাজ্যের সমস্ত সংবাদপত্র, বৈদ্যুতিন চ্যানেল ও সংবাদমাধ্যমের সাথে যুক্ত সকলকে আন্তরিক প্রতি ও শুভেচ্ছা জানিয়েছেন।

শুভেচ্ছাবার্তায় তথ্য ও সংস্কৃতি মন্ত্রী বলেন, জাতীয় প্রেস দিবস (ন্যাশনাল প্রেস ডে) হলো ভারতের জাতীয়স্তরের সাংবাদিকতা দিবস। ১৯৬৬ সাল থেকে প্রতি বছর ১৬ নভেম্বর জাতীয় প্রেস দিবস পালন করা হয়। ১৯৬৬ সালে প্রেস কাউন্সিল অব ইণ্ডিয়া নামে একটি স্বশাসিত সংস্থা গঠিত হয়। এই সংস্থাটি মূলত সংবাদমাধ্যমের স্বাধীনতা, গুণমান এবং উন্নতিসাধনের লক্ষ্যেই গঠিত হয়েছিলো। ১৯৬৬ সালের ১৬ নভেম্বর আনুষ্ঠানিকভাবে প্রেস কাউন্সিল কাজ শুরু করে। এই দিনটিকে স্মরণে রেখে প্রতি বছর ১৬ নভেম্বর আনুষ্ঠানিকভাবে সারা দেশে জাতীয় প্রেস দিবস উদযাপিত হয়।

শুভেচ্ছা বার্তায় তথ্য ও সংস্কৃতি মন্ত্রী আরও বলেন, ভারতবর্ষের মতো বিশাল গনতান্ত্রিক রাষ্ট্রে সংবাদমাধ্যমের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। জাতীয় প্রেস দিবস মূলত সংবাদমাধ্যমের কাছে একটি নৈতিক প্রহরী হিসেবে কাজ করে আসছে। এই পবিত্র দিনে সংবাদ পরিবেশনে সংবাদমাধ্যমগুলি নিরপেক্ষতা, সততা ও দায়িত্বশীলতার সাথে কাজ করুক। সরকার সংবাদপত্রের স্বাধীনতা রক্ষায় অঙ্গীকারবদ্ধ।
